

যাত্রী আমি ওরে,

পারবে না কেউ আমায় রাখতে ধ'রে ॥

দুঃখসুখের বাঁধন সবই মিছে, বাঁধা এ ঘর রইবে কোথায় পিছে,
বিষয়বোঝা টানে আমায় নীচে— ছিন্ন হয়ে ছড়িয়ে যাবে পড়ে ॥

যাত্রী আমি ওরে,

চলতে পথে গান গাহি প্রাণ ভ'রে ।

দেহদুর্গে খুলবে সকল দ্বার, ছিন্ন হবে শিকল বাসনার,
ভালো মন্দ কাটিয়ে হব পার— চলতে রব লোকে লোকান্তরে ॥

যাত্রী আমি ওরে,

যা-কিছু ভার যাবে সকল সরে ।

আকাশ আমায় ডাকে দূরের পানে ভাষাবিহীন অজানিতের গানে,
সকাল-সাঁঝে আমার পরান টানে কাহার বাঁশি এমন গভীর স্বরে ॥

যাত্রী আমি ওরে,

বাহির হলেম না জানি কোন্ ভোরে ।

তখন কোথাও গায় নি কোনো পাখি, কী জানি রাত কতই ছিল বাকি,
নিমেষহারা শুধু একটি আঁখি জেগে ছিল অন্ধকারের 'পরে ॥

যাত্রী আমি ওরে,

কোন্ দিনান্তে পৌঁছব কোন্ ঘরে ।

কোন্ তারকা দীপ জ্বালে সেইখানে, বাতাস কাঁদে কোন্ কুসুমের ঘ্রাণে,
কে গো সেথায় স্নিগ্ধ দু'নয়ানে অনাদিকাল চাহে আমার তরে ॥

Parjaay: Puja O Prarthana, Taal: Dadra, Raag: Baul

Visit www.geetabitan.com for notation and other detail